

প্রেস বিজ্ঞপ্তি

০১/০৫/২০২৪

মহান মে দিবস-২০২৪ এবং কর্মজীবী নারী' র ৩৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন

নারী ও পুরুষের অধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে शामिल হোন

-শিরীন আখতার

কর্মজীবী নারী আজ ১ মে, ২০২৪ সকাল ৮.৩০ মিনিটে মহান মে দিবস-২০২৪ ও ৩৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে সকল ক্ষেত্রে অধিকার মর্যাদায়, নারী থাকবে পৃথিবীর বৃহৎ আঙ্গিন 'এই শ্লোগানকে সামনে রেখে এবং "সকল শ্রমিকের জন্য সামাজিক ন্যায়বিচার ও শোভন কর্মপরিবেশ নিশ্চিত কর" এই প্রতিপাদ্য নিয়ে জাতীয় প্রেসক্লাব চত্বরে শ্রমিক সমাবেশ ও লাল পতাকা মিছিলের আয়োজন করে।

উক্ত সমাবেশে কর্মজীবী নারীর সহ-সভাপতি উম্মে হাসান ঝালমল এর সভাপতিত্বে এবং অতিরিক্ত নির্বাহী পরিচালন সানজিদা সুলতানার সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কর্মজীবী নারী' র প্রতিষ্ঠাতা সভাপতি শিরীন আখতার। আরও বক্তব্য রাখেন দক্ষিণ এশিয়া ভিত্তিক নারীবাদী সংগঠন এশিয়া প্যাসিফিক ফোরাম অন উইমেন, ল এন্ড ডেভেলপমেন্ট (এপিডব্লিউএলডি) এর আটটি দেশ (ভারত, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, মালয়শিয়া, দক্ষিণ কোরিয়া, ফিলিপাইন এবং সিঙ্গাপুর) এর প্রতিনিধিবৃন্দ, কর্মজীবী নারী' র সহ-সভাপতি ও ট্রেড ইউনিয়ন নেত্রী শাহীন আক্তার পারভীন, শ্রমিক নেত্রী রাবেয়া আক্তার, শেখ শাহনাজ, নাগিস আক্তার এবং জাকিয়া সুলতানা প্রমুখ।

সমাবেশের প্রধান অতিথি শিরীন আখতার উপস্থিত সকল শ্রমিককে মহান মে দিবস এবং কর্মজীবী নারী' র ৩৩তম প্রতিষ্ঠা বার্ষিকীর শুভেচ্ছা জানান। তিনি বলেন, আমাদের সবাইকে মনে-প্রাণে বিশ্বাস করতে হবে, "শ্রম কখনো সস্তা নয়, শ্রমিক দয়ার পাত্র নয়।" আমরা নারীরা এখনো কর্মক্ষেত্রে সমমজুরি, সমমর্যাদা এবং কর্তৃত্ব তৈরি করতে পারিনি। এজন্য আমাদেরকে এখনো বহুদূর যেতে হবে। নারীশ্রমিকদের অর্থনৈতিক ক্ষমতায়নে তাদের কর্মের ধারাবাহিকতা রক্ষায় কর্মক্ষেত্রে মানসম্মত এবং কার্যকর শিশু দিবাযত্ন কেন্দ্র প্রতিষ্ঠা করতে হবে।

দক্ষিণ এশিয়াভিত্তিক নারীবাদী সংগঠন এশিয়া প্যাসিফিক ফোরাম অন উইমেন, ল এন্ড ডেভেলপমেন্ট (এপিডব্লিউএলডি) এর প্রোগ্রাম অফিসার অ্যান্ডি কিপ্টা, ইন্দোনেশিয়ান ট্রেড ইউনিয়ন নেতা এমিলিয়া ইয়ান্টি, কর্মজীবী নারীর শ্রমিক সমাবেশের উৎসাহিত দাবিসমূহের সাথে সংহতি প্রকাশ করেন এবং বলেন, সকল বৈষম্য দূর করে নারী শ্রমিকের জন্য সামাজিক ন্যায়বিচার ও শোভন কর্মপরিবেশ নিশ্চিত করা প্রয়োজন।

মিরপুর অঞ্চলের গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা আঞ্চলিক ফোরাম এর নেত্রী জাকিয়া সুলতানা,  
গৃহশ্রমিকদের কাজের কোন নির্দিষ্ট কর্মঘণ্টা এবং মাতৃত্বকালীন ছুটি শ্রম আইনে অর্ন্তভুক্ত করার দাবি  
জানান।

সভাপতিরর বক্তব্যে উম্মে হাসান ঝালমল বলেন, কর্মক্ষেত্রে নারী শ্রমিকেরা প্রতিনিয়ত বৈষম্যের শিকার  
হয়ে থাকে। এসকল বৈষম্য দূরীকরণে আইনের সঠিক প্রয়োগ করতে হবে। যেখানে শ্রমিকের ন্যায্য  
অধিকার নিয়ে কার্পণ্য করা হবে, সেখানেই সংগঠিত হয়ে অধিকার আদায় করতে হবে।

সমাবেশ শেষে একটি বর্ণাঢ্য লাল পতাকা মিছিল প্রেসক্লাব থেকে পল্টন মোড় প্রদক্ষিণ করেন।

বার্তা প্রেরক

রাজীব আহমেদ

সমন্বয়ক (প্রোগ্রাম), কর্মজীবী নারী

যোগাযোগ: ০১৭১২৪৭৯৫০১